



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd



স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.০২০.৮৭.০০৩০.২৬.১৪৯০

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩
০৮ অক্টোবর ২০২৬

বিষয়: জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মচারীগণের বেতন নির্ধারণী (Pay fixation)।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, (বাস্তবায়ন-১ অনুবিভাগ), এস.আর.ও নং-৩৪৮/২০২৬,

তারিখ: ১৭/০৯/২০২৬ খ্রি.।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর আলোকে বোর্ডের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের মূল বেতন নির্ধারণ (Pay fixation) প্রক্রিয়া শুরু হয়েছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট (www.bwdb.gov.bd) হতে উল্লিখিত "fixation format 2026" ডাউনলোডপূর্বক যথাযথভাবে পূরণ করে প্রতিটি দপ্তরের জন্য ১ (এক) সেট সংশ্লিষ্ট র‍্যাক অফিসে এবং ১ (এক) সেট পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।


অনুসরণীয় নির্দেশাবলীঃ

- ১। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ তাদের ব্যক্তিগত ও পদবী সংক্রান্ত তথ্য, বর্তমান স্কেল (গ্রেড) এবং নতুন স্কেলের তথ্যাদিঅত্যন্ত সতর্কতার সাথে লিপিবদ্ধ করবেন।
- ২। ফরমের সকল ধাপের হিসাব সঠিক ও যথাযথ নিয়মে সম্পন্ন করতে হবে।
- ৩। পূরণকৃত ফরম এবং সংযুক্ত প্রমাণক [(ক) ৩০/০৬/২৬ খ্রি. তারিখে বেতন প্রদানের প্রমাণক (আইবাস জেনারেটেড কপি, দপ্তরাদেশ ও অন্যান্য) (খ) কর্মচারীদের ক্ষেত্রে সার্ভিসবুক (গ) জাতীয় পরিচয়পত্রের কপি।] পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর ও সংশ্লিষ্ট র‍্যাকে জমা দিতে হবে। পরবর্তীতে হিসাব রক্ষণ পরিদপ্তর কর্তৃক জমাকৃত ফরম নিরীক্ষা ও যাচাই-বাছাই পূর্বক চূড়ান্তভাবে অনুমোদিত হবে।
- ৪। কর্মচারীর ফরম আয়ন ব্যয়ন কর্মকর্তা স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্টদের সার্ভিস বই-এ যথাযথ এন্ট্রির মাধ্যমে সাময়িক অনুমোদন নিশ্চিত করতে হবে।
- ৫। ৩০/০৬/২০২৬ খ্রিঃ হতে ফরম পূরণের তারিখ পর্যন্ত কর্মকর্তা/কর্মচারী কোন শাস্তি/পদাবনমন/ বেতনধাপ অবনমন থাকলে তা সার্ভিসবুকে এন্ট্রি নিশ্চিত করতে হবে।
- ৬। বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ওয়েবসাইটে সংযুক্ত ফরম (১ম-৯ম গ্রেডভুক্ত কর্মকর্তার জন্য “ফরম-ক”, ১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীর জন্য “ফরম-খ”) অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। নির্ধারিত Fixation অফিসভিত্তিক ১টি বড় খামে পৃথক পৃথকভাবে ২টি A4 সাইজের খামে (১ম-৯ম গ্রেডভুক্ত কর্মকর্তার জন্য “ফরম-ক”, ১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীর জন্য “ফরম-খ”) অন্তর্ভুক্ত করে ফরওয়ার্ডিংসহ প্রেরণ করতে হবে।
- ৮। পরিচালক, অর্থ পরিদপ্তরে নিম্নরূপ তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে (সকল র‍্যাক দপ্তরের জন্য প্রযোজ্য)।
ক। ০১/০৭/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত বেতন খাতে ক্রমপুঞ্জিভূত অতিরিক্ত ব্যয়ের পরিমাণ,
খ। ০১/০১/২০২৭ খ্রি. হতে ৩০/০৬/২০২৭ খ্রি. পর্যন্ত বেতন খাতে ক্রমপুঞ্জিভূত অতিরিক্ত ব্যয়ের পরিমাণ,
গ। উক্ত ব্যয় দপ্তর ভিত্তিক এক্সেল শিটে হিসাব প্রেরণ করবেন।
- ৯। জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর ধারা ২৭ যথাযথভাবে প্রতিপালনযোগ্য (সকল র‍্যাক দপ্তরের জন্য প্রযোজ্য)।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

সংযুক্তিসমূহঃ

- (১) ফরম-ক
- (২) ফরম-খ



০৮-১০-২০২৬

এ.এম.এম. ফরিদ উদ্দিন চৌধুরী
পরিচালক (ভারপ্রাপ্ত)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।
- ২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল), বাপাউবো।
- ৪। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।[বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ৬। নির্বাহী প্রকৌশলী/ উপ-পরিচালক/ উপপ্রধান (সকল), বাপাউবো।
- ৭। উপ-পরিচালক (অহিনি)/ সিনিয়র সহকারী পরিচালক (অহিনি)/ সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যা ক) (সকল), বাপাউবো।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।



০৮-১০-২০২৬

গোপাল চন্দ্র বিশ্বাস
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(ফরম “ক” ১ম - ৯ম গ্রেডের জন্য)

এস. আর. ও. নং ৩৪৮-আইন/২০২৬ তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী ০১ জুলাই, ২০২৬ তারিখের বেতন নির্ধারণী

১	জাতীয় পরিচয় পত্র (এনআইডি) নম্বর	:	
২	কর্মকর্তা/ কর্মচারীর নাম ও পদবী	:	
৩	দপ্তরের নাম	:	
৪	মোবাইল নম্বর	:	
৫	জন্ম তারিখ ও আইডি নং	:	
৬	ক) চাকরিতে প্রথম যোগদানের তারিখ	:	
	খ) চাকরিতে প্রথম যোগদানের তারিখে পদবি	:	
	গ) দপ্তরের নাম	:	
	ঘ) যোগদানের তারিখে সাবসটেনটিভ গ্রেড	:	গ্রেড
৭	৩০-০৬-২০২৬ তারিখে	:	
	ক) গৃহিত মূল বেতন	:	টাকা
	খ) পিপি (যদি থাকে)	:	টাকা
	গ) মোট বেতন	:	টাকা
৮	জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী ৩০-০৬-২০২৬ তারিখে-	:	
	ক) প্রাপ্ত গ্রেড ও স্কেল	:	টাকা
	খ) প্রাপ্ত গ্রেডের প্রারম্ভিক ধাপ	:	টাকা
	গ) পার্থক্য {ক্রমিক নং-৭(গ) এবং ৮(খ) এর পার্থক্য}	:	টাকা
৯	জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী ০১-০৭-২০২৬ তারিখে-	:	
	ক) প্রাপ্ত গ্রেড ও স্কেল	:	টাকা
	খ) প্রাপ্ত গ্রেডের প্রারম্ভিক ধাপ	:	টাকা
	গ) মোট বেতন {ক্রমিক নং-৮ (গ) ও ক্রমিক নং-৯ (খ) এর যোগফল}	:	টাকা
১০	জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী সম/উচ্চতর ধাপ	:	টাকা
১১	০১-০৭-২০২৬ তারিখে নির্ধারিত বেতন (ক্রমিক নং ১০ এর অনুরূপ)	:	টাকা
১২	০১-০৭-২০২৬ তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) সহ নির্ধারিত বেতন	:	টাকা
১৩	বেতন বৃদ্ধির পরিমাণ {ক্রমিক নং-১১ ও ক্রমিক নং-৭ (গ) এর পার্থক্য}	:	টাকা
১৪	বৃদ্ধি প্রাপ্ত বেতনের ৪০%	:	টাকা
১৫	০১-০৭-২০২৬ তারিখে প্রাপ্য বেতনের (৪০% বৃদ্ধি অনুযায়ী) { ক্রমিক নং-৭ (গ) ও ক্রমিক নং- ১৪ এর যোগফল}	:	টাকা
১৬	০১-০৭-২০২৬ তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) সহ প্রাপ্য বেতন {ক্রমিক নং-১৫ যোগ {ক্রমিক নং- ১২ ও ক্রমিক নং- ১১ এর পার্থক্য}	:	টাকা
১৭	০১-০১-২০২৭ তারিখে বেতন বৃদ্ধি অর্থাৎ ক্রমিক নং-১৩ এর ৩০%	:	টাকা
১৮	০১-০১-২০২৭ তারিখে নির্ধারিত প্রাপ্য বেতন (ক্রমিক নং- ১৬ ও ক্রমিক নং- ১৭ এর যোগফল)	:	টাকা
১৯	০১-০৭-২০২৭ তারিখে বেতন বৃদ্ধি অর্থাৎ ক্রমিক নং-১৩ এর অবশিষ্ট ৩০%	:	টাকা
২০	০১-০৭-২০২৭ তারিখে নির্ধারিত প্রাপ্য বেতন ১০০% (ক্রমিক নং-১৮ ও ক্রমিক নং-১৯ এর যোগফল)	:	টাকা
২১	পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর তারিখ	:	০১-০৭-২০২৭ খ্রি:

সংশ্লিষ্ট কর্মচারীর স্বাক্ষর

আয়ন ও ব্যয়ন/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর

হিসাব রক্ষণ অফিসের ব্যবহারের জন্য

উপর্যুক্ত বেতন নির্ধারণীটি পরীক্ষা করা হলো। জাতীয় বেতন স্কেল/২০২৬ অনুযায়ী টাকা স্কেলে ০১-০৭-২০২৬ খ্রি. তারিখে মূল বেতন নির্ধারণটাকা অনুমোদন করা হলো। ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ হতে বৃদ্ধিপ্রাপ্ত বেতনের ৪০% ও বার্ষিক ইনক্রিমেন্টসহ বেতনটাকা প্রাপ্য। ০১/০১/২০২৭ খ্রি. তারিখ হতে বেতন নির্ধারণের ৭০% সুবিধাসহ টাকা এবং ০১/০৭/২০২৭ খ্রি. তারিখ হতে বেতন নির্ধারণের ১০০% সুবিধাসহ টাকা প্রাপ্য। পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ০১/০৭/২০২৭ খ্রি.।

অডিটর

হিসাব রক্ষক

সহকারী পরিচালক (অহিনি)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(ফরম “খ” ১০ম - ২০তম গ্রেডের জন্য)

এস. আর. ও. নং ৩৪৮-আইন/২০২৬ তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী ০১ জুলাই, ২০২৬ তারিখের বেতন নির্ধারণী

১	জাতীয় পরিচয় পত্র (এনআইডি) নম্বর	:	
২	কর্মকর্তা/ কর্মচারীর নাম ও পদবী	:	
৩	দপ্তরের নাম	:	
৪	মোবাইল নম্বর	:	
৫	জন্ম তারিখ ও আইডি নং	:	
৬	ক) চাকরিতে প্রথম যোগদানের তারিখ	:	
	খ) চাকরিতে প্রথম যোগদানের তারিখে পদবি	:	
	গ) দপ্তরের নাম	:	
	ঘ) যোগদানের তারিখে সাবসটেনটিভ গ্রেড	:	গ্রেড
৭	৩০-০৬-২০২৬ তারিখে		
	ক) গৃহিত মূল বেতন	:	টাকা
	খ) পিপি (যদি থাকে)	:	টাকা
	গ) মোট বেতন	:	টাকা
৮	জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী ৩০-০৬-২০২৬ তারিখে-		
	ক) প্রাপ্ত গ্রেড ও স্কেল	:	টাকা
	খ) প্রাপ্ত গ্রেডের প্রারম্ভিক ধাপ	:	টাকা
	গ) পার্থক্য {ক্রমিক নং-৭ (গ) এবং ৮ (খ) এর পার্থক্য}	:	টাকা
৯	জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী ০১-০৭-২০২৬ তারিখে-		
	ক) প্রাপ্ত গ্রেড ও স্কেল	:	টাকা
	খ) প্রাপ্ত গ্রেডের প্রারম্ভিক ধাপ	:	টাকা
	গ) মোট বেতন {ক্রমিক নং-৮ (গ) ও ক্রমিক নং-৯ (খ) এর যোগফল}	:	টাকা
১০	জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী সম/উচ্চতর ধাপ	:	টাকা
১১	০১-০৭-২০২৬ তারিখে নির্ধারিত বেতন (ক্রমিক নং ১০ এর অনুরূপ)	:	টাকা
১২	০১-০৭-২০২৬ তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) সহ নির্ধারিত বেতন	:	টাকা
১৩	বেতন বৃদ্ধির পরিমাণ {ক্রমিক নং-১১ ও ক্রমিক নং-৭ (গ) এর পার্থক্য}	:	টাকা
১৪	বৃদ্ধি প্রাপ্ত বেতনের ৫০%	:	টাকা
১৫	০১-০৭-২০২৬ তারিখে প্রাপ্য বেতনের (৫০% বৃদ্ধি অনুযায়ী) { ক্রমিক নং-৭ (গ) ও ক্রমিক নং- ১৪ এর যোগফল}	:	টাকা
১৬	০১-০৭-২০২৬ তারিখে বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) সহ প্রাপ্য বেতন {ক্রমিক নং-১৫ যোগ (ক্রমিক নং- ১২ ও ক্রমিক নং- ১১ এর পার্থক্য)}	:	টাকা
১৭	০১-০১-২০২৭ তারিখে বেতন বৃদ্ধি অর্থাৎ ক্রমিক নং-১৩ এর ২৫%	:	টাকা
১৮	০১-০১-২০২৭ তারিখে নির্ধারিত প্রাপ্য বেতন (ক্রমিক নং- ১৬ ও ক্রমিক নং- ১৭ এর যোগফল)	:	টাকা
১৯	০১-০৭-২০২৭ তারিখে বেতন বৃদ্ধি অর্থাৎ ক্রমিক নং-১৩ এর অবশিষ্ট ২৫%	:	টাকা
২০	০১-০৭-২০২৭ তারিখে নির্ধারিত প্রাপ্য বেতন ১০০% (ক্রমিক নং-১৮ ও ক্রমিক নং-১৯ এর যোগফল)	:	টাকা
২১	পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) এর তারিখ	:	০১-০৭-২০২৭ খ্রি:

সংশ্লিষ্ট কর্মচারীর স্বাক্ষর

আয়ন ও ব্যয়ন/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর

হিসাব রক্ষণ অফিসের ব্যবহারের জন্য

উপর্যুক্ত বেতন নির্ধারণীটি পরীক্ষা করা হলো। জাতীয় বেতন স্কেল/২০২৬ অনুযায়ী টাকা স্কেলে ০১-০৭-২০২৬ খ্রি. তারিখে মূল বেতন নির্ধারণ টাকা অনুমোদন করা হলো। ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ হতে বৃদ্ধিপ্রাপ্ত বেতনের ৫০% ও বার্ষিক ইনক্রিমেন্টসহ বেতন টাকা প্রাপ্য। ০১/০১/২০২৭ খ্রি. তারিখ হতে বেতন নির্ধারণের ৭৫% সুবিধাসহ টাকা এবং ০১/০৭/২০২৭ খ্রি. তারিখ হতে বেতন নির্ধারণের ১০০% সুবিধাসহ টাকা প্রাপ্য। পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ ০১/০৭/২০২৭ খ্রি.।

অডিটর

হিসাব রক্ষক

সহকারী পরিচালক (অহিনি)